

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৬৯

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْجَنَازَةُ مَتْبُوعَةٌ وَلَا تَتْبَعُ لَيْسَ مَعَهَا مَنْ تَقَدَّمَهَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ وَأَبُو مَاجُدُ الرَّاوِي رجل مَجْهُول وَأَبُو ماجد الرَّاوِي رجل مَجْهُول

বাংলা

১৬৬৯-[২৪] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লাশের অনুসরণ করতে হয়। লাশ কারো অনুসরণ করে না। যে ব্যক্তি জানাযায় লাশের আগে যাবে সে জানাযার সাথের লোক নয়। (তিরমিয়ী, আবূ দাউদ, ইবনু মাজাহ; ইমাম তিরমিয়ী বলেন, বর্ণনাকারী আবূ মাজিদ মাজহূল [অজ্ঞাত লোক]।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩১৮৪, ইবনু মাজাহ্ ১৪৮৪, য'ঈফ আত্ তারগীব ২০৬১, য'ঈফ আল জামি' আস্ সগীর ৫০৬৬, আত্ তিরমিয়ী ১০১১, আহমাদ ৩৫৮৫, শারহুস্ সুন্নাহ্ ৬৮৬৭। কারণ এর সানাদে আবূ মাজিদ একজন মাজহূল রাবী। ইমাম বুখারী আবূ মাজীদ-এর হাদীসকে য'ঈফ বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকে বুঝা যায় জানাযার আগে চলার নয় বরং পিছনে চলবে। যারা জানাযার পিছে চলার পক্ষপাতি তারা এ হাদীস দিয়ে দলীল গ্রহণ করে থাকেন। কিন্তু মুহাদ্দিসীনদের বক্তব্য হলো এ হাদীসে নির্দেশ নেই। এটা স্বাভাবিক অবস্থা বা প্রচলিত নিয়মের কথা বলা হয়েছে যা মানুষ সচরাচর করে থাকে। জানাযাহ্ নিয়ে রওনা হলে সচরাচার মানুষ তার পিছনেই চলে থাকে। এ সম্পর্কে পূর্বের হাদীসে কিঞ্চিত আলোচনা হয়ে গেছে। উপরস্তু হাদীসটি সহীহ নয়, বিধায় তা দলীলের যোগ্য নয়। ইমাম বুখারী, ইমাম আত্ তিরমিযী, আবৃ দাউদ, নাসায়ী, ইবনু 'আদী, বায়হাকী প্রমুখ মুহাদ্দিস ও হাদীসের ভাষ্যকারগণ এ হাদীসটিকে য'ঈফ বলেছেন।



এ হাদীসের অন্যতম রাবী আবূ মাজিদ আল হানাফী তিনি মুহাদ্দিসগণের নিকট মাজহূল, মুনকার ও মাতরূক ব্যক্তি, সুতরাং তার হাদীস গ্রহণযোগ্য নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন